

দুটি সন্তানের বেশী নয়  
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-২৬৫/২০১৫/ ৫৯৫


তারিখ : ২৯ ফাল্গুন, ১৪২৪  
১৬ মার্চ, ২০১৫

### সতর্কতা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সদর দপ্তর ও জেলা পর্যায়ে ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। নিয়োগ সংক্রান্ত কার্যক্রম মেধার ভিত্তিতে, স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হবে।

২। কিছু দালাল/ প্রতারক চক্র চাকরির প্রলোভন দেখিয়ে নিরীহ মানুষের কাছ থেকে অর্থ হাতিয়ে নিচ্ছে মর্মে গুজব শোনা যাচ্ছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সদর দপ্তর ও জেলা পর্যায়ে ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের জন্য কোন ধরনের তদবির অথবা অর্থ লেনদেনের সুযোগ নেই।

৩। দালাল/ প্রতারক চক্রের প্রলোভনে প্রলুপ্ত না হয়ে সাবধান থাকার জন্য অনুরোধ করা হ'ল। যদি কোন ব্যক্তি বা দালাল চক্র এ ধরনের কর্মকাণ্ডে লিপ্ত থাকে তাহলে তাকে আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার জন্য অনুরোধ করা হ'ল।



(মোঃ রমজান আলী)

যুগ্মসচিব


স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও

পরিচালক (প্রশাসন) এবং

সভাপতি

বিভাগীয় নির্বাচন কমিটি

ফোন নং ৯১৪৬১২৮



বিতরণ : সদয় অবগতির জন্য প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, -----, এ অধিদপ্তর।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, ----- বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ----- জেলা।
- ৬। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ----- জেলা।
- ৭। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, ----- জেলা।
- ৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ----- জেলা।
- ৯। বেগম বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (ডিজিএফপির ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
- ১১। নোটিশ বোর্ড, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।